# বিশেষ অনুশীলন-২/২০২০

বিষয় কোড: ১ ০ ১

শ্রেণি:দশম

সময়: ১ ঘণ্টা ~~২০~~ 15 মিনিট | বিষয়: বাংলা প্রথম পত্র | মান : ৫০

## সৃজনশীল অংশ : (45 ingbU)

**নিচের উদ্ধৃতিগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও : (১০×২)=২০**

**১।** গ্রামীণবধূ সম্বন্ধে কিছু কথোপকথন নিম্নরূপ :
'সংসারের রান্নাবাড়া , ধোঁয়া-মোছা করবে কে ?' – 'বউ করবে ।'
'বাড়িতে আনা খেতের ফসল ঘরে উঠাবে কে ?' – 'বউ উঠাবে ।'
'সন্তানদের সার্বিক বিষয় দেখাশোনা করবে কে ?' – 'কেন , বউ আছে না?'
'বউয়ের অসুখ করেছে , ঔষধ আনবে না ?' – 'তাতে কী ? দুদিন ধৈর্য ধরুক, এমনিতেই ভালো হয়ে যাবে ।'
'সংসারের খরচ কমানো যায় কীভাবে ?' – ' চিন্তা কী ? বউয়ের ব্যবহার্য জিনিস কিছু কমিয়ে দাও ।'
'বউ বাপেরবাড়ি বেড়াতে যেতে চায় ।' – 'সে কী, এত ঘন ঘন ? সংসার সামলাবে কে ?'

(ক) কোন পত্রিকায় লেখার মাধ্যমে বনফুলের সাহিত্যাঙ্গনে প্রবেশ ঘটে ? ১
(খ) 'নিমগাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সাথে চলে যেতে।' – কেন ? ২
(গ) উদ্দীপকে বিধৃত গ্রামীণবধূর ভূমিকার সাথে 'নিমগাছ' গল্পের নিমগাছের ভূমিকার কি কোনো সাদৃশ্য চলে ? ব্যাখ্যা করো । ৩
(ঘ) 'নিমগাছ' গল্পের নিমগাছ এদেশের পল্লিগ্রামের নারীসমাজের প্রতিনিধি ।' –'মন্তব্যটি উদ্দীপক ও 'নিমগাছ' গল্পাবলম্বনে বিশ্লেষণ করো । ৪

**২।** পরিবারের আয় খুব সাধারণ হলেও বর্গাচাষী জলিলের পরিবারের সবাই যে সুখী তা তাদের হাসিখুশিভরা জীবনযাত্রা দেখলেই বোঝা যায় । দরিদ্র আত্মীয়-প্রতিবেশীদের খোঁজখবরও তারা রাখে । অপরদিকে গ্রামের সেরা ধনী মফিজ সাহেব সম্পত্তি রক্ষণাবেক্ষণ আর বৃদ্ধির দুশ্চিন্তায় ঠিকমতো ঘুম হয় না । এজন্য নাকি দুবার স্ট্রোকও করেছে সে। টাকা খরচের ভয়ে তার নিকটাত্মীয় ও প্রতিবেশীদেরও কোনো খোঁজ-খবর নেয় না সে ।
(ক) 'আশা' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত ? ১
(খ) কবি অন্য জগতে হারিয়ে যেতে চান কেন ? – ব্যাখ্যা করো । ২
(গ) উদ্দীপকের জলিলের পরিবারে 'আশা' কবিতার কোন দিকটার প্রতিফলন ঘটেছে ? ব্যাখ্যা করো । ৩
(ঘ) 'আশা' কবিতায় কবির দৃষ্টিভঙ্গি উদ্দীপকের মফিজ সাহেবের জীবনসাধনার বিপরীত ।' – মন্তব্যটি যাচাই করো । ৪

## বহু-নির্বাচনি অংশ (30 ingbU)

সময়: ৩০ মিনিট — মান : ৩০
সঠিক উত্তরটি খাতায় লেখো : ( ১×৩০)=৩০

১। বনফুল একপাতা-আধপাতার গল্প লিখতেন কোথায়?
(ক) প্রবাসীতে (খ) শনিবারের চিঠিতে
(গ) সাধনাতে (ঘ) প্রবাসীতে

২। মুগ্ধদৃষ্টিতে নিমগাছের দিকে চেয়ে রইল কে ?
(ক) কবিরাজ (খ) কবি (গ) লক্ষ্মীবধূ (ঘ) চর্মরোগগ্রস্ত লোক

৩। 'নিমগাছ' গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?
(ক) জঙ্গম (খ) কিছুক্ষণ (গ) অদৃশ্যলোক (ঘ) বনফুলের গল্প

৪।'নক্ষত্র যেন নেমে এসেছে নীল আকাশ থেকে সবুজ সায়রে' –এখানে 'সায়র' শব্দের অর্থ কী ?
(ক) বন (খ) প্রান্তর (গ) সাগর (ঘ) সমুদ্র

৫। বাংলা কথাসাহিত্যে জনপ্রিয়তার বিবেচনায় বিভূতিভূষণের অবস্থান কার পরে ?
(ক) মানিকের (খ) শরৎচন্দ্রের (গ) নজরুলের (ঘ) রবীন্দ্রনাথের

৬।'আজ দশঘরায় তাগাদার জন্য গেছলাম, বুঝলে?'–এখানে 'দশঘরা' কী ?
(ক) গ্রাম (খ) মহল্লা (গ) সমিতি (ঘ) পুজারি

৭। হরিহর রায়বাড়ি থেকে কয় টাকা করে পায় ?
(ক) চার (খ) ছয় (গ) আট (ঘ) দশ

নিচের উদ্দীপকটি পড়ে ৮ নং প্রশ্নের উত্তর দাও :
শহরের মেয়ে শোনিমা । চতুর্থ শ্রেণির ছাত্র সে । মায়ের তত্ত্বাবধানে লেখাপড়ার পাশাপাশি সঙ্গীতচর্চা, ছবি আঁকা, টিভি দেখা, মোবাইলে গেম খেলা ইত্যাদি নিয়ে সারাদিন কাটে তার।
৮। উদ্দীপকের শোনিমার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের দুর্গার বৈসাদৃশ্যপূর্ণ দিক কোনটি ?

i. সারাদিন নিজেকে নিয়ে ব্যস্ত থাকা
ii. প্রকৃতির সান্নিধ্যে থাকা
iii. মাতৃ-আনুগত্য
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯। নজরুলের মতে দেশে ছোটলোক সম্প্রদায় কত আনা ?
(ক) দশ আনা (খ) বারো আনা (গ) আট আনা (ঘ) ষোলো আনা

নিচের উদ্দীপকটি পড়ে ১০ নং প্রশ্নের উত্তর দাও :
প্রধানশিক্ষক স্কুলে একটি ফুলবাগান তৈরির জন্য দুজন ছাত্রের নেতৃত্বে দশজন ছাত্রের একটি দলকে দায়িত্ব দিলেন । কিন্তু দলনেতারা কারও সাথে কোনো পরামর্শ না করে নিজেদের ইচ্ছামতো একটি বাগান তৈরি করল । বাগানটি প্রধানশিক্ষকের তেমন পছন্দ হলো না ।
১০। উদ্দীপকের দলনেতারা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের প্রতিনিধিত্ব করে ?
(ক) অভিজাত সম্প্রদায় (খ) ছোটলোক সম্প্রদায়
(গ) চণ্ডাল সম্প্রদায় (ঘ) ভদ্র সম্প্রদায়

১১।'যুগবাণী' কী জাতীয় গ্রন্থ ?
(ক) কবিতা (খ) গল্প (গ) প্রবন্ধ (ঘ) উপন্যাস

১২।'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূল থিম হলো: দেশোন্নয়নের জন্য প্রয়োজন যথার্থ –
(ক) সামন্ততন্ত্র (খ) রাজতন্ত্র (গ) অভিজাততন্ত্র (ঘ) গণতন্ত্র

১৩। হজরত মুহম্মদ (স) মুখ্যত কী দ্বারা মানুষের মন আকর্ষণ করেছিলেন ?
(ক) অস্ত্র (খ) অর্থ (গ) মানবীয় গুণাবলি (ঘ)শাসন

১৪। সত্য প্রচার করতে গিয়ে হজরত মুহম্মদকে (স) কোথায় ভীষণ পরীক্ষার সম্মুখীন হতে হয়েছিল?
(ক) মক্কায় (খ) তায়েফে (গ) মদিনাতে (ঘ) খয়বারে

১৫।'অরাতি' শব্দের অর্থ কী ?
(ক) দিবস (খ) প্রার্থনা (গ) আলো (ঘ) শত্রু

নিচের উদ্দীপকটি পড়ে ১৬ নং প্রশ্নের উত্তর দাও :
মক্কার পথ-প্রান্তরে মানসিক ও শারীরিকভাবে আক্রান্ত হয়েও তিনি প্রার্থনা করতেন 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর'।
১৬। উদ্দীপকের হজরত মুহম্মদের (স) চরিত্রের কোন বৈশিষ্ট্যের প্রকাশ ঘটেছে ?
i.মঙ্গলাকাঙ্ক্ষা
ii.মহানুভবতা
iii.ক্ষমাশীলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭। নজরুলের সাহিত্য-জীবনের সূচনা ঘটে কোথায় ?
(ক) কোলকাতায় (খ) করাচিতে (গ) ঢাকায় (ঘ) ময়মনসিংহে

১৮। নজরুল ইসলাম কত বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হন ?
(ক) আটত্রিশ (খ) চল্লিশ (গ) বিয়াল্লিশ (ঘ) পঁয়তাল্লিশ

১৯। কবি নজরুলের মতে সবচেয়ে বড় জিনিস কোনটি ?
(ক) মানুষ (খ) ধর্ম (গ) জাতি (ঘ) দেশ

২০।'দেবতার বরে আজ রাজা-টাজা হয়ে যাবে নিশ্চয়'– এ-পংক্তিতে প্রকাশিত হয়েছে পুরোহিতের –
(ক) দেবপ্রীতি (খ) দেব-আশীর্বাদ (গ) লোভ (ঘ) মানবিকতা

২১।'আশা' কবিতায় কবি কেমন জীবন থেকে পালাতে চান ?
(ক) প্রতিযোগিতাপূর্ণ (খ) প্রাচুর্যময় (গ) জটিলতাপূর্ণ (ঘ) দুর্ভাবনাময়

২২। 'আশা' কবিতায় কবি কেমন জীবন প্রত্যাশা করেন ?
i. সরল
ii. মানবিক
iii. দীনতাপূর্ণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩।'পল্লিজননী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে গৃহীত?
(ক) রাখালী (খ) বালুচর (গ) হাসু (ঘ) এক পয়সার বাঁশি

২৪।'বলেছে আমরা, মুসলমানের আড়ঙ দেখিতে নাই।'
– এখানে প্রকাশিত হয়েছে পল্লিমায়ের –
(ক) ধর্মভীরুতা (খ) সাম্প্রদায়িকতা (গ) দীনতা (ঘ) অনুশাসন

২৫। বুনো পথে কুয়াশার কাফন ধরে চলে কারা ?
(ক) কানা কুয়ো (খ) বাদুড় (গ) হুতুম (ঘ) জোনাকি

২৬। হুতুমের ডাক পল্লিমাতার কাছে সন্তানের জন্য অকল্যাণকর মনে হয় কেন ?
(ক) কুসংস্কার (খ) এটা মানুষের বিপদ আনে বলে
(গ) মায়ের বাৎসল্য (ঘ) হুতুমের ডাক ভীতিকর বলে

২৭। জীবনানন্দ দাশের 'কবিতার কথা' কী জাতীয় গ্রন্থ ?
(ক) প্রবন্ধ (খ) কবিতা (গ) উপন্যাস (ঘ) গল্প

২৮। জীবনানন্দ দাশের উপাধি কী ?
(ক) ছন্দের রাজা (খ) প্রকৃতির কবি
(গ) নাগরিক কবি (ঘ) ছান্দসিক কবি

২৯।'খেয়া নৌকাগুলো এসে কোথায় লেগেছ ?
(ক) ঘাটের আছে (খ) তীরের কাছে
(গ) চরের কাছে (ঘ) কূলের কাছে

৩০।'সেইদিন এই মাঠ' কবিতার বিষয়বস্তু –
i. প্রাকৃতিক সৌন্দর্যের অমরতা
ii.প্রকৃতির-বহমানতা
iii. সভ্যতার উত্থান-পতন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii